



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১০ অক্টোবর ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

মানবাধিকার সংগঠক আদিলুর রহমান-নাসির উদ্দিনের জামিন মঞ্জুরকে স্বাগত জানিয়েছে ইউপিডিএফ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সভাপতি প্রসিত বিকাশ খীসা ও সাধারণ সম্পাদক রবি শংকর চাকমা আজ ১০ অক্টোবর ২০২৩, মঙ্গলবার এক যুক্ত বিবৃতিতে মানবাধিকার সংস্থা অধিকারের সম্পাদক এডভোকেট আদিলুর রহমান খান ও পরিচালক এ এস এম নাসির উদ্দিন এলানের হাইকোর্ট কর্তৃক জামিন মঞ্জুরকে স্বাগত জানিয়েছেন।

বিবৃতিতে নেতৃত্ব বলেন, ক্ষমতাসীন আওয়ামী লীগ গদি টিকিয়ে রাখার জন্য বিরোধী মত দমনে নানা কালাকানুন তৈরি করে রাজনৈতিক ও মানবাধিকার কর্মীসহ সাধারণ নাগরিকদের হয়রানি ও দমন-পীড়ন চালাচ্ছে। কিন্তু অন্যায় দমন-পীড়ন ও জেল-জুলুম করে সাধারণ মানুষকে দমিয়ে রাখা যাবে না।

নেতৃত্ব অবিলম্বে আদিলুর রহমান খান ও নাসির উদ্দিন এলানের বিরুদ্ধে দায়েরকৃত হয়রানিমূলক মামলা প্রত্যাহার এবং আইসিটির বিতর্কিত ধারা, সাইবার নিরাপত্তা আইনসহ সকল কালাকানুন বাতিলের দাবি জানান।

উল্লেখ্য, এক দশক আগের ঘটনায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি আইনের (আইসিটি) বিতর্কিত ৫৭ ধারায় দায়েরকৃত মামলায় গত ১৪ সেপ্টেম্বর ঢাকার সাইবার ট্রাইব্যুনাল অধিকারের সম্পাদক আদিলুর রহমান খান ও পরিচালক নাসির উদ্দিন এলানকে দুই বছর করে কারাদণ্ড দেয়। এরপর তাদেরকে জেল হাজতে পাঠানো হয়। এ সময় ইউপিডিএফ তাদের নিঃশর্ত মুক্তির দাবি জানিয়ে সংবাদ মাধ্যমে বিবৃতি প্রদান করেছিল।

উক্ত কারাদণ্ড রায়ের বিরুদ্ধে গত ২৫ সেপ্টেম্বর তারা হাইকোর্টে আপিল করে জামিন প্রার্থনা করেন। আজ মঙ্গলবার (১০ অক্টোবর) বিচারপতি মো. ইমদাদুল হক আজাদের একক হাইকোর্ট বেঞ্চ তাদের জামিন মঞ্জুর করেন।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)।